

💵 আত্ তারগীব ওয়াত্ তারহীব

হাদিস নাম্বারঃ ২২৭

৪. পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ১৩) ওযুর পর দু'রাকাআত সালাত পড়ার প্রতি উদ্বুদ্ধকরণ

الترغيب في ركعتين بعد الوضوء

আরবী

(صحيح) وَعَنْ عقبة بن عامر رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: مَا مِنْ أَحَدٍ يَتَوَضَّأُ فَيُحْسِنُ الْوُضنُوءَ وَيُصلِّي رَكْعَتَيْنِ يُقْبِلُ بِقَلْبِهِ وَوَجْهِهِ عَلَيْهِمَا إِلَّا وَجَبَتْ لَهُ الْجَنَّةُ.

رواه مسلم وأبو داود والنسائي وابن ماجه وابن خزيمة

বাংলা

২২৭. (সহীহ) উক্কবা বিন আমের (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেছেনঃ "যে কেউ ওযু করে এবং সুন্দরভাবে তা সম্পাদন করে, অতঃপর দু'রাকাআত সালাত আদায় করে-স্বীয় মুখমণ্ডল ও হৃদয় দ্বারা আগ্রহাম্বিত হয়ে তা আদায় করে[1], তবে তার জন্য জান্নাত আবশ্যক হয়ে যায়।"

(হাদীছটি বর্ণনা করেছেন মুসলিম ২৩৪, আবু দাউদ ৯০৬, নাসাঈ ১/৯৫, ইবনু মাজাহ্ ৪৭০ ও ইবনু খুযায়মাহ্)

ফুটনোট

[1] . প্রকাশ্য ও অপ্রকাশ্য উভয় দিক থেকে নামাযের দিকে নিজেকে পূর্ণরূপে ধাবিত করবে। ইমাম নববী বলেন, বিনয় ও একাগ্রতার সাথে নামায আদায় করবে। অর্থাৎ বাহ্যিক দিক থেকে শরীরের অঙ্গ-প্রত্যঙ্গের বিনয় এবং আভ্যন্তরীন দিক থেকে অন্তরের বিনয়সহ নামায আদায় করা। [দ্রঃ আউনুল মা'বৃদঃ হা/৭৭১ এর ব্যাখ্যা]

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ উকবাহ ইবনু আমির (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন